# সভার নোটিশ
# সিটিব্যাপী জনসাধারণের মতামত গ্রহণের অধিবেশন

**সময় ও ঠিকানা:**

**মঙ্গলবার, 4 মার্চ, 2025, বিকাল 5:00টা – রাত 8:00টা**
Fordham University
McShane Campus Center, Great Hall (3rd Floor)
441 East Fordham Road
Bronx, NY 10458

**বুধবার, 9 এপ্রিল, 2025, বিকাল 5:00টা – রাত 8:00টা**
Staten Island University Hospital North
(ডা. রেজিনা ম্যাকগিন এডুকেশন সেন্টার দিয়ে প্রবেশ করুন)
475 Seaview Avenue
Staten Island, NY 10305

**বুধবার, 23 এপ্রিল, 2025, বিকাল 5:00টা – রাত 8:00টা**
নিউ ইয়র্ক ল স্কুল
185 West Broadway
New York, NY 10013

ভার্চুয়াল ঠিকানা: www.nyc.gov/charter ঠিকানায় পোস্ট করা জুম মিটিংয়ের লিঙ্কটি দেখুন।

## জনসাধারণের মতামত গ্রহণ অধিবেশনের নোটিশ

নিউ ইয়র্ক সিটির চার্টারে প্রস্তাবিত পরিবর্তনগুলো নিয়ে আলোচনা করার জন্য নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশন কমিশন (“CRC”) পাঁচটি বরোতে জনসাধারণের মতামত গ্রহণের অধিবেশন আয়োজন করবে। CRC 4 নভেম্বর, 2025 তারিখের সাধারণ নির্বাচনে অথবা আইন অনুযায়ী অন্য কোনো নির্ধারিত নির্বাচনী তারিখে ভোটারদের কাছে চাটারের সংশোধনী প্রস্তাব পেশ করার ক্ষমতা রাখে।

## <u>জনসাধারণের মতামত গ্রহণ বিষয়ক এই অধিবেশগুলো কী সম্পর্কে?</u>

চার্টারটি সিটি সরকারের কাঠামো প্রদান করে এবং নির্বাচিত কর্মকর্তা ও সংস্থাগুলোর প্রধান প্রধান ক্ষমতাগুলো নির্ধারণ করে। পুরো চার্টারটি পর্যালোচনার পর, CRC সিটি সরকারকে আরো কার্যকরভাবে পরিচালিত করতে এবং সকল নিউ ইয়র্কবাসীকে আরো উন্নত সেবা প্রদান নিশ্চিত করতে পরিবর্তনের সুপারিশ করতে পারে।

জনসাধারণকে অভিজ্ঞদের কাছ থেকে শোনার, সিটি সরকারের জন্য গুরুত্বপূর্ণ যেকোনো বিষয় সম্পর্কে মতামত জানানোর এবং সংবিধানে পরিবর্তনের প্রস্তাব করার জন্য আহ্বান জানানো হয়েছে। আপনি আমাদের নিম্নোক্ত ওয়েবসাইট ভিজিট করে নিউ ইয়র্ক সিটি চার্টার রিভিশন কমিশন সম্পর্কে আরো জানতে পারেন: www.nyc.gov/charter।

## কারা মতামত জানাতে পারে?

**এই সভাগুলো জনসাধারণের জন্য উন্মুক্ত এবং জনগণ CRC সদস্যদের সামনে মতামত জানাতে পারবে।** সিটি চার্টার উন্নত করার জন্য যে কেউ তাদের ধারণা সম্পর্কে তিন (3) মিনিট পর্যন্ত বক্তৃতা দিতে পারেন। CRC সেই বৈঠকে উপস্থিত থাকা ব্যক্তিবর্গ এবং যারা জুমে উপস্থিত থাকবেন তাদের মতামত নেবেন। CRC প্রথমে সশরীরে উপস্থিত ব্যক্তিদের কথা শুনবে, তারপর যারা জুমের মাধ্যমে অংশগ্রহণ করবেন তাদের কথা শুনবে। যেকোনো গ্রুপ, প্রতিষ্ঠান বা সংস্থা যদি কথা বলতে চায় তাহলে তাকে/তাদেরকে একজন একক নির্ধারিত প্রতিনিধি নির্বাচন করতে হবে। পাঁচটি বরো থেকেই নিউ ইয়র্কবাসীগণ মতামত জানাতে পারবেন। CRC এই শুনানিতে কথা বলার জন্য সাইন আপ করা সকলের বক্তব্য শোনার চেষ্টা করবে, তবে যদি সময়ের অভাবে সবার কথা শোনা সম্ভব না হয়, তবে তাদেরকে অন্যান্য মাধ্যমে মতামত জানানোর জন্য আহ্বান জানানো হচ্ছে, যেমন- CRC-এর পরবর্তী জনসাধারণের মতামত গ্রহণ বিষয়ক অধিবেশগুলোতে মতামত দেওয়া অথবা লিখিত বক্তব্য CharterTestimony@citycharter.nyc.gov ঠিকানায় জমা দেওয়া।

## আমি কিভাবে লিখিত মতামত জমা দেব?

জনসাধারণ শুনানিতে সরাসরি সাক্ষ্য দেওয়ার পরিবর্তে বা এর পাশাপাশি CharterTestimony@citycharter.nyc.gov CharterTestimony@citycharter.nyc.gov ঠিকানায় ইমেইল করে লিখিত মতামত জমা দিতে পারেন।

## শুনানিগুলো কখন এবং কোথায় হবে?

এগুলো সর্বসাধারণের জন্য উন্মুক্ত এবং মতামত গ্রহণ বিষয়ক প্রতিটি অধিবেশন www.nyc.gov/charterঠিকানায় পোস্ট করা জুম লিঙ্কের মাধ্যমে নিম্নলিখিত তারিখ, সময় এবং স্থানে ভার্চুয়ালভাবে অ্যাক্সেস করা যাবে:

**মঙ্গলবার, 4 মার্চ, 2025, বিকাল 5:00টা – রাত 8:00টা**
ফোর্ডহাম ইউনিভার্সিটি
McShane Campus Center, Great Hall (3rd Floor)
441 East Fordham Road
Bronx, NY 10458
*যদি বাস, সাবওয়ে, বা মেট্রোনর্থ দিয়ে আসেন তাহলে পূর্ব ফোর্ডহ্যাম রোড এবং থার্ড অ্যাভিনিউয়ের*
*গেট দিয়ে প্রবেশ করুন। যদি গাড়িতে আসেন তাহলে সাউদার্ন বুলেভার্ড গেট দিয়ে প্রবেশ করুন।*
নির্দেশনা: https://www.fordham.edu/about/maps-and-directions/directions-to-rose-hill/

**বুধবার, 9 এপ্রিল, 2025, বিকাল 5:00টা – রাত 8:00টা**
স্ট্যাটেন আইল্যান্ড ইউনিভার্সিটি হসপিটাল নর্থ
(ডা. রেজিনা ম্যাকগিন এডুকেশন সেন্টার দিয়ে প্রবেশ করুন)
475 Seaview Avenue
Staten Island, NY 10305

**বুধবার, 23 এপ্রিল, 2025, বিকাল 5:00টা – রাত 8:00টা**
নিউ ইয়র্ক ল স্কুল
185 West Broadway
New York, NY 10013

ইচ্ছুক অংশগ্রহণকারীগণ একই সময়ে www.nyc.gov/charter ওয়েবসাইটে পোস্ট করা জুম লিঙ্কের মাধ্যমে সভায় যোগ দিতে পারেন।

**<u>সভা পর্যবেক্ষণ বা মতামত জানানোর জন্য আমার সহায়তার প্রয়োজন হলে আমি কী করবো?</u>**

আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ এবং স্প্যানিশ ভাষার ব্যাখ্যা অনলাইনে ও সাইটে প্রদান করা হবে। আপনি যে সভায় অংশগ্রহণ করতে চান তা শুরুর সময়ের কমপক্ষে 48 ঘণ্টা আগে ভাষাগত সহায়তা এবং/অথবা অন্যান্য অ্যাক্সেসযোগ্যতা বিষয়ে CharterInfo@citycharter.nyc.gov ঠিকানায় ইমেইল করে বা 212-788-0014 নম্বরে কল করে অথবা ভয়েসমেইলের মাধ্যমে অনুরোধ করুন। সমস্ত অনুরোধ যথাসম্ভব পূরণ করার চেষ্টা করা হবে।